# বাংলাদেশ কৃষি ব্যাংক
## আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ

## ই-মেইল সার্ভিস হতে উদ্ভূত সমস্যা সম্পর্কিত নোটিশ

বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রধান কার্যালয়ের সকল বিভাগ, নিয়ন্ত্রণকারী কার্যালয় ও সকল শাখার মধ্যে চিঠিপত্র আদান-প্রদান/আন্তঃযোগাযোগের জন্য ব্যবহৃত krishibank.org.bd ডোমেইন সম্বলিত নিজস্ব E-mail Service(Microsoft Exchange Server) টি File Restore System Failure সংক্রান্ত কারিগরী ত্রুটিজনিত কারণে বিগত শনিবার হতে সাময়িক অসুবিধার সম্মুখীন হয়েছে। যার দরুণ ই-মেইল আদান প্রদানসহ পুরানো E-mail সমূহ ডাটাবেইজে (ইনবক্স/সেন্ট আইটেম) প্রদর্শিত হচ্ছিলনা। অত্র বিভাগের সংশ্লিষ্ট সকল কর্মকর্তার ঐকান্তিক প্রচেষ্টা ও উর্দ্ধতন কর্তৃপক্ষের বলিষ্ঠ নজরদারির কারণে বর্তমানে ক্রমান্বয়ে উদ্ভূত পরিস্থিতির উত্তরণ ঘটছে। বর্তমানে সকল E-mail অ্যাকাউন্টে যথারীতি ই-মেইল আদান-প্রদান করা সম্ভব হচ্ছে। যদিও সিলেট বিভাগাধীন ও প্রধান কার্যালয়ের অধিকাংশ ই-মেইল অ্যাকাউন্টে পুরানো মেইলসমূহ অদ্যাবধি রিষ্টোর করা সম্ভব না হলেও অতি সত্ত্বর তা পুনরায় রিষ্টোর করার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে।

ই-মেইল সম্পর্কিত অনাকাঙ্খিত কারিগরী ত্রুটির জন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত। আশা করা যাচ্ছে, অতি শীঘ্রই পরিস্থিতি স্বাভাবিক হবে এবং ইমেইল সিস্টেম যথারীতি পূর্বের মতোই সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, ই-মেইল সার্ভিস প্রোভাইডার ভেন্ডর, ই-মেইল সংশ্লিষ্ট অন্যান্য বিশেষজ্ঞগণের পাশাপাশি সরাসরি মাইক্রোসফট এর প্রিমিয়ার সাপোর্ট সার্ভিস প্রোভাইডার টীম নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তথাপি কারিগরী ত্রুটির সম্মুখীন ই-মেইল অ্যাকাউন্ট পরিচালনাকারীগণদের জরুরী বিবেচনায় প্রয়োজনবোধে বিকল্প ব্যবস্থায় (যেমন ঃ Yahoo Mail, Gmail ইত্যাদি) আন্তঃযোগাযোগের জন্য বিনীত অনুরোধ করা যাচ্ছে।

Rashid
১৬.১১.২২
(মোঃ মামুনুর রশীদ)
উপ-মহাব্যবস্থাপক
আইসিটি সিস্টেমস, কার্ড ও
মোবাইল ব্যাংকিং বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।